

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّفَائِقِ)

পরিচ্ছেদঃ যেই কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর প্রতিপালকের কাছে তাঁর সুস্থতা, নিরাপত্তা ও ক্ষমা প্রার্থনা করেছেন

ذَكَرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا سَأَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ مُعَافَاتَهُ وَمَغْفِرَتَهُ

আরবী

736 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ عَلِيٍّ عَنْ زَائِدَةَ عَنْ عَاصِمٍ عَنْ زُرِّ عَنْ أَبِي بَنْ كَعْبٍ قَالَ: لَقِيَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جِبْرِيلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي بُعِثْتُ إِلَى أُمَّةٍ أُمِّيَّةٍ مِنْهُمْ الْغُلَامُ وَالْجَارِيَةُ وَالْعَجُوزُ وَالشَّيْخُ الْفَانِي قَالَ: مُرُّهُمْ فَلْيَقْرَأُوا الْقُرْآنَ عَلَى سَبْعَةِ أَحْرَفٍ)

الراوي : أَبِي بَنْ كَعْبٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 736 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৩৬. উবাই বিন কা'ব রাদিয়াল্লাহু তা'আলা আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিবরীল আলাইহিস সালাম এর সাথে সাক্ষাৎ করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি এক নিরক্ষর জাতীর কাছে প্রেরিত হয়েছি, তাদের মাঝে বালক-বালিকা, বৃদ্ধা ও অতিশয় বৃদ্ধ ব্যক্তি আছেন।” জিবরীল আলাইহিস সালাম বলেন, “আপনি তাদেরকে আদেশ করুন তারা যেন সাত (রীতির মধ্য হতে যে কোন এক) রীতিতে কুর'আন পাঠ করে।”[1]

ফুটনোট

[1] আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাল্লাহু হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাল্লাহু হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩২৮।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89239>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন